দৈনিক জনকণ্ঠ

AUG. 26 1999
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# দু'হাজার সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির অনুপাত ৯৫ ভাগ নির্ধারণ ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, 'সবার জন্য শিক্ষা' কর্মসূচীর ক্ষেত্রে আগামী দু'হাজার সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে গড় ভর্তির অনুপাত শতকরা ৯৫ ভাগ নির্ধারণ করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা পূরণে সরকারী-বেসরকারী, সবাইকে এগিয়ে আসতে হবে। মন্ত্রী বলেন, আমাদের ভুললে চলবে না, আগামী প্রজন্ম গড়ে তোলার দায়িত্ব আমাদেরই।

মন্ত্রী বুধবার বিকালে 'এডুকেশন ওয়াচ' শীর্ষক গবেষণা প্রতিবেদনের প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। আগারগাঁও এলজিইডি মিলনায়তনে গণসাক্ষরতা অভিযান আয়োজিত এ প্রকাশনা অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন এডুকেশন ওয়াচ-এর চেয়ারম্যান আ ন ম ইউসুফ, ইউপিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমেদ, ইউনিসেফের বাংলাদেশস্থ প্রতিনিধি শাহিদা আজফার, সাবেক সচিব কাজী ফজলুর রহমান ও গণসাক্ষরতা অভিযানের পরিচালক রাশেদা কে চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফজলে হাসান আবেদ।